অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/20/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুউমো ট্রান্সজেন্ডার ডে অফ রিমেম্বারেন্স (TRANSGENDER DAY OF REMEMBRANCE)-এ, ট্রান্সজেন্ডার এবং প্রথাগত লিঙ্গ পরিচয় মেনে না চলা নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার উদ্দেশ্যে নতুন পদক্ষেপের ঘোষণা দিলেন

ট্রান্সজেন্ডার ও প্রথাগত লিঙ্গ পরিচয় মেনে না চলা ব্যক্তিদের জন্য স্বাস্থ্য বিমার অ্যাক্সেস আরও সুরক্ষিত করার জন্য আর্থিক পরিষেবা দপ্তর (Department of Financial Services, DFS)-কে নতুন নিয়মের প্রস্তাব দিতে নির্দেশনা দিয়েছেন

লিঙ্গ অভিব্যক্তি অ-বৈষম্য বিধি (Gender Expression Non-Discrimination Act, GENDA)-র জন্য জনসচেতনতামূলক প্রচারণা গড়ে তোলার জন্য মানবাধিকার বিভাগ (Division of Human Rights, DHR)-কে নির্দেশনা দিয়েছেন

গভর্নরের নির্দেশনায়, সিভিল সার্ভিস স্টেটের এম্পায়ার পরিকল্পনার জন্য লিঙ্গ-নিশ্চিতকরণ প্রক্রিয়া বাতিল করেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজকে ট্রান্সজেন্ডার ডে অফ রিমেম্বারেন্স-এ, ট্রান্সজেন্ডার এবং প্রথাগত লিঙ্গ পরিচয় মেনে না চলা নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার উদ্দেশ্যে নতুন পদক্ষেপের ঘোষণা দিলেন। গভর্নর ট্রান্সজেন্ডার ও প্রথাগত লিঙ্গ পরিচয় মেনে না চলা ব্যক্তিদের জন্য স্বাস্থ্য বিমার অ্যাক্সেস আরও সুরক্ষিত করার জন্য আর্থিক পরিষেবা দপ্তরকে নতুন নিয়মের প্রস্তাব দিতে নির্দেশনা দিয়েছেন। গভর্নর মানবাধিকার বিভাগকেও একটি লিঙ্গ অভিব্যক্তি অ-বৈষম্য বিধি (GENDA) জনসচেতনামূলক প্রচারণা গড়ে তোলার জন্য নির্দেশনা দিয়েছেন যেটি জানুয়ারিতে এই যুগান্তকারী আইনটি স্বাক্ষরের এক বছর পূর্তি উপলক্ষ্যে চালু হবে।

"নিউ ইয়র্ক LGBTQ অধিকার আন্দোলনের গর্বিত আবাসস্থল, এবং এই বছর আমরা ট্রান্সজেন্ডার ব্যক্তিদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ সুরক্ষা আইন পাশ করে সেই ইতিহাসের ধারাবাহিকতা রক্ষা করেছি অগ্রসর হয়েছি," **গভর্নর কুওমো বলেন।** "ট্রান্সজেন্ডার এবং প্রথাগত লিঙ্গ পরিচয় মেনে না চলা ব্যক্তিরা এখনও প্রতিদিন বৈষম্য এবং সহিংসতার সম্মুখীন হয়, এবং এই সকল অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলো একটি পরিষ্কার বার্তা প্রেরণ করে যে ওয়াশিংটনে যাই হোক না কেন, নিউ ইয়র্ক সর্বদা আমাদের LGBTQ-র প্রতিটি সদস্যের জন্য সমর্থন অব্যহত রাখবে।"

ট্রান্সজেন্ডার নিউ ইয়র্কবাসীর জন্য দেশের মধ্যে সবচাইতে শক্তিশালী স্বাস্থ্য বিমায় অংশগ্রহণের সুযোগ নিউ ইয়র্ক স্টেটে রয়েছে। অথচ, ট্রান্সজেন্ডার এবং প্রথাগত লিঙ্গ পরিচয় মেনে না চলা ব্যক্তিরা এখনও মেডিকেল প্রয়োজনীয়তা, জীবন-রক্ষাকারী রক্ষণাবেক্ষণ বিষয়ক অস্বীকৃতির সম্মুখীন হয়। বাণিজ্যিক স্বাস্থ্যসেবা পরিকল্পনায় ট্রান্সজেন্ডার এবং প্রথাগত লিঙ্গ পরিচয় মেনে না চলা ব্যক্তির কভারেজ অ্যাক্সেসকে আরও সুরক্ষিত করায়, DFS যে যে পদক্ষেপের প্রস্তাব দিবে তা হচ্ছে:

- লিঙ্গ সংক্রান্ত হতাশা কভারেজ, লিঙ্গ-নিরপেক্ষ নির্দিষ্ট পরিষেবার কভারেজ এবং প্রি-এক্সপোজার প্রোফিল্যাক্সিস (Pre-exposure prophylaxis, PrEP) কভারেজ বিষয়ক বর্তমান DFS সার্কুলার চিঠিপত্রগুলোকে বিধিবদ্ধ করার উদ্দেশ্যে নিয়ম নীতিমালা জারি করুন;
- স্বাস্থ্য বীমায় লিঙ্গ পরিচয় বৈষম্য নিষেধাজ্ঞা স্পষ্ট করে নিয়মকানুন জারি করুন;
- বহিঃস্থ আপিল প্রতিনিধি থাকা বাধ্যতামূলক করুন যার ট্রান্সজেন্ডার স্বাস্থে কার্যকর অভিজ্ঞতা রয়েছে।
- লিঙ্গ-নিশ্চিতকরণ পরিষেবাদির জন্য বিমা পরিকল্পনায় প্রত্যক্ষ বর্জন নিষিদ্ধ করতে মানসিক স্বাস্থ্য কার্যালয়ের (Office of Mental Health) সাথে কাজ করুন যাতে মানুষজন তাদের প্রাপ্য চিকিৎসাগত প্রয়োজনীয়তার পর্যালোচনা পায়।

গভর্নরের নির্দেশনায়, সিভিল সার্ভিস দপ্তর (Department of Civil Service) স্টেটের এম্পায়ার পরিকল্পনায় লিঙ্গ-নিশ্চিতকরণ প্রক্রিয়া প্রবেশে বাড়তি সকল বাধা দূর করেছে। এম্পায়ার পরিকল্পনা হল 1 মিলিয়নেরও বেশি স্টেট ও স্থানীয় সরকার কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যদের জন্য স্বাস্থ্য পরিকল্পনা বিকল্প। এম্পায়ার পরিকল্পনায় লিঙ্গ-নিশ্চিতকরণ পরিষেবায় প্রবেশাধিকার নিউ ইয়র্ক স্টেট এবং দেশ জুড়ে স্বাস্থ্য বিমাকারীদের জন্য একটি মডেল হিসেবে কাজ করে এবং সকলের জন্য সমান অধিকার এবং সুরক্ষায় নিউ ইয়র্কের প্রচেষ্টার উপরে ভিত্তি করে দাঁড়িয়ে আছে।

25 জানুয়ারি, 2019-এ, গভর্নর কুউমো লিঙ্গ অভিব্যক্তি অ-বৈষম্য আইনে স্বাক্ষর করেন, যা LGBTQ সম্প্রদায়ের জন্য একটি যুগান্তকারী বিজয়। এই সকল সুরক্ষা সম্পর্কে সচেতনতা প্রচার করার লক্ষ্যে DFR জনশিক্ষামূলক প্রচারাভিযান চালু করবে। এই প্রচারাভিযানে আপনার অধিকার সম্পর্কে জানুন সামগ্রী, আইনের অধীনে নিয়োগকারী, বাড়িওয়ালা এবং অন্যান্যদেরকে তাদের দায়বদ্ধতা সম্পর্কে আইনী নির্দেশিকা প্রদান, এবং GENDA স্বাক্ষরের এক বছর পূর্তি উদযাপনের একটি অনুষ্ঠান। GENDA নিয়োগকর্তা, শিক্ষাপ্রতিষ্ঠান, বাড়িওয়ালা, ঋণদাতা এবং অন্যদেরকে লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তির ভিত্তিতে ব্যক্তির সাথে বৈষম্যমূলক আচরণ করাকে নিষিদ্ধ করে এবং লিঙ্গ পরিচয়ের ভিত্তিতে করা অপরাধ বা অভিব্যক্তিকে নিউ ইয়র্ক স্টেটের আইন আনুযায়ী হেইট ক্রাইম হিসেবে অভিহিত করে।

ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সুপারিনটেনডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন, "ব্যক্তি অধিকার, বিশেষত মানসম্পন্ন স্বাস্থ্যসেবায় প্রবেশাধিকারকে অকার্যকর করার যে কোনও প্রয়াসের বিরুদ্ধে নিউইয়র্কের সহনশীলতা শূন্য। কেন্দ্রীয় সরকারের ট্রান্সজেন্ডার এবং প্রথাগত লিঙ্গ পরিচয় মেনে না চলা ব্যক্তিদের সুরক্ষা পদদলিত করার পরিস্থিতিতে, নিউ ইয়র্ক এই প্রশ্নাতীত, মৌলিক মানবাধিকার

সমুন্নত রাখবে এবং আমরা ওয়াশিংটনকে সব ব্যক্তিকে সুরক্ষা প্রদান করার জন্য তাদের দায়িত্বের কথা স্মরণ করিয়ে দিচ্ছি, বিশেষ করে যারা ঐতিহাসিকভাবে বৈষম্যের মুখোমুখি হয়েছে।"

মানবাধিকার কমিশনার অ্যাঞ্জেলা ফার্নান্ডেজ বলেন, "ট্রান্সজেন্ডার ডে অফ রিমেম্বারেন্স-এ ঘৃণা-ভিত্তিক সহিংসতায় প্রাণ হারিয়েছেন এমন ট্রান্সজেন্ডার ব্যক্তির স্মৃতিকে আমরা সম্মান জানাই। মানবাধিকার বিভাগ ট্রান্সজেন্ডার কমিউনিটির সাথে একাত্মতা প্রকাশ করে এবং মানবাধিকার আইনের অধীনে তাদের অধিকার এবং বাধ্যবাধকতা সম্পর্কে সকল নিউ ইয়র্কবাসী জানতে পারছে তা নিশ্চিত করতে কাজ করবে। যে সকল ব্যক্তি লিঙ্গ পরিচয়ের ভিত্তিতে পক্ষপাত এবং বৈষম্যের সাথে জড়িত, নিউ ইয়র্ক স্টেট তাদের কাজের জন্য তাদেরকে দায়ী করবে।"

সিভিল সার্ভিস বিভাগের ভারপ্রাপ্ত কমিশনার লোলা ডব্লিউ. ব্রাভাম বলেন, "নিউ ইয়র্ক স্টেট LGBTQ অধিকারকে সমর্থনের ক্ষেত্রে জাতীয় পর্যায়ে নেতৃত্ব দিয়েছে এবং গভর্নর কুউমোর নেতৃত্বে আমরা লিঙ্গ পরিচয় বা যৌন দৃষ্টিভঙ্গি নির্বিশেষে সকল নিউ ইয়র্কবাসী যাতে সমান আচরণ পায় এবং বৈষম্যমুক্ত থাকতে পারে তা নিশ্চিত করার লক্ষ্যে অভূতপূর্ব পদক্ষেপ গ্রহণ অব্যাহত রেখেছি। এম্পায়ার পরিকল্পনার সম্প্রসারণ LGBTQ কমিউনিটির জন্য গভর্নরের বলিষ্ঠ সমর্থনের উদাহরণ এবং দেশজুড়ে সকল স্বাস্থ্য পরিকল্পনার জন্য একটি মডেল বিবেচনা করা উচিত।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন